

Main Menu

[প্রথম পাতা](#)[শেষ পাতা](#)[অন্যান্য খবর](#)[অন্য দেশের খবর](#)[ট্রান্সক্রিয়েশন](#)[এক্সট্রা নিউজ](#)

Today's Hit

450117

[Contact For
Online
Advertisemet](#)

বিজ্ঞান ও কারিগরী শিক্ষায় যোগ্য লোক খুঁজে পাচ্ছে না চাকরিদাতা প্রতিষ্ঠানগুলো

সুজয় মহাজন: বিজ্ঞান ও কারিগরী শিক্ষায় অনগ্রসরতার কারণে যোগ্য লোক খুঁজে পাচ্ছে না দেশের চাকরিদাতা প্রতিষ্ঠানগুলো। দিনদিন দেশে বিজ্ঞান ও কারিগরী শিক্ষানির্ভর চাকরির সুযোগ বাড়লেও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ক্রমেই এ ধরনের শিক্ষা পিছিয়ে পড়ছে। শুধু দেশে নয়, বিশ্বের উন্নত দেশগুলো বাংলাদেশ থেকে কারিগরী শিক্ষায় শিক্ষিত লোক নিতে আগ্রহী। কিন্তু দেশে এ ধরনের লোক না থাকায় এ সুযোগ কা লাগানো সম্ভব হচ্ছে না বলে জানান দেশের প্রথম ও সর্ববৃহৎ ইন্টারনেট ভিত্তিক চাকরি সাইট বিডিজবস ডটকমের প্রধান নির্বাহী একেএম ফাহিম মশরর। তিনি জানান, দেশের অভ্যন্তরে বর্তমানে গার্মেন্টস, টেক্সটাইল এবং আইসিটি সেক্টরে মিড লেভেল পর্যায়ের চাকরির সুযোগ বাড়ছে। কিন্তু সে তুলনায় দক্ষ লোক পাওয়া যাচ্ছে না।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পাশাপাশি আইবিএ থেকে এমবিএ শেষে ১৯৯৯ সালে বিডিজবস গড়ে তোলার পরিকল্পনা নেন ফাহিম মশরর। আর ২০০০ সালের জুলাই মাসে যাত্রা শুরু করে দেশের প্রথম এ জবসাইট। বাংলাদেশে প্রথমবারের মতো এ ধরনের প্রতিষ্ঠান গড়ে তোলার স্বীকৃতিস্বরূপ গত শনিবার ঢাকা চেম্বারের পক্ষ থেকে সেরা ইনোভেটিভ আইডিয়া অ্যাওয়ার্ড জিতেছেন।

ফাহিম মশরর জানান, প্রতিষ্ঠান ৮ বছরে বিডি জবসের মাধ্যমে বিভিন্ন বয়সের প্রায় ১ লাখ বেকার লোক চাকরির সন্ধান পেয়েছে। বর্তমানে বিডিজবসের সাইটে প্রায় পৌনে ২ লাখ চাকরিপ্রার্থীর জীবনবৃত্তান্ত জমা আছে। গড়ে প্রতিদিন প্রায় ২৫ হাজার চাকরিপ্রার্থী বিডি জবসের ওয়েবসাইট ভিজিট করে। দেশের প্রায় সাড়ে ৩ হাজার প্রতিষ্ঠান বিডি জবসের মাধ্যমে তাদের প্রতিষ্ঠানে লোক নিয়োগ করে থাকে। তার মতে বিডিজবস কেবল চাকরিদাতা ও চাকরিপ্রার্থীর মধ্যে সেতুবন্ধন তৈরির কাজ করে। পাশাপাশি বিভিন্ন বিষয়ের উপর স্বল্পমেয়াদি ও মধ্যমেয়াদি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। ভবিষ্যতে নবাগত চাকরিপ্রার্থীদের জন্য দক্ষতা তৈরির প্রশিক্ষণেরও আয়োজন করা হবে।

সম্পাদনা : মজুমদার বাবু